

ভারত-নেপাল যৌথ কমিশন বৈঠক (অক্টোবর ২৭, ২০১৬)

ভারত-নেপাল যৌথ কমিশনের চতুর্থ অধিবেশন বৈঠক অনুষ্ঠিত হল নয়াদিল্লিতে, ২৭ অক্টোবর, ২০১৬। এই পর্বে যৌথ সভাপতিত্ব করেন ভারত সরকারের পররাষ্ট্রমন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রী এম. জে. আকবর এবং নেপালের বিদেশমন্ত্রী মহামান্য ড. প্রকাশ শরণ মাহাত। ভারতের বিদেশসচিব ড. এস. জয়শঙ্কর এবং নেপালের বিদেশসচিব জনাব শঙ্কর দাস বৈরাগি-সহ দু'তরফের অন্যান্য উর্ধ্বর্তন কর্মকর্তারা দুই প্রতিনিধি দলে ছিলেন। যৌথ কমিশনের তৃতীয় অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল কাঠমাণুতে, জুলাই ২০১৪।

আলোচনা হয় একটি উষও এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশে। যৌথ কমিশনের বৈঠকের আগে ২৬ অক্টোবর, ২০১৬ উর্ধ্বর্তন কর্মকর্তাদের একটি প্রস্তুতিমূলক বৈঠক হয়। দ্বিপাক্ষিক অংশীদারিত্ব-সহ পারস্পরিক স্বার্থজনিত উপ আঞ্চলিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে যৌথ কমিশন বিস্তারিত পর্যালোচনা করে।

আমাদের প্রধানমন্ত্রীর ২০১৪ সালের আগস্ট এবং নভেম্বরে দু'বার নেপাল সফর এবং এ বছরের ফেব্রুয়ারি, সেপ্টেম্বর এবং অক্টোবরে নেপালের প্রধানমন্ত্রীর ভারত সফর-সহ উচ্চপর্যায়ের আদানপ্রদানের বাস্তবায়ণ নিয়ে উভয়পক্ষ মূল্যায়ণ এবং ইতিবাচক পর্যালোচনা করে। সর্বোচ্চ রাজনৈতিক পর্যায়ে নিবিড় আলোচনা এবং গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে ধারাবাহিক আলোচনা স্পষ্ট করে নেপালের মানুষ এবং সরকারের সঙ্গে সম্পর্ক এবং সহযোগিতা আরও উন্নত করতে ভারতের গুরুত্ব দানের বিষয়টি।

যৌথ কমিশন রাজনৈতিক বিনিময় এবং সব ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা পর্যালোচনার একটা সুযোগ প্রদান করে এবং প্রয়োজনীয় রাজনৈতিক উপদেশ প্রদান করে ঐতিহ্যগতভাবে উষও এবং ঘনিষ্ঠ সম্পর্ক আরও বৃদ্ধি করার জন্য।

বাণিজ্য, ট্রানজিট, অর্থনৈতিক, পারস্পরিক বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সীমান্ত ব্যবস্থাপনা, বিদ্যুৎ, জলসম্পদ, কৃষি, আন্তঃসীমান্ত পরিবহন সহজীকরণ, শিক্ষা, সাংস্কৃতিক এবং যুবশক্তি বিনিয়য়, পর্যটন, রেলপথ, অবকাঠামো উন্নয়ন, সক্ষমতা এবং মানব সম্পদ উন্নয়ন এবং মানুষে-মানুষে যোগাযোগ বৃদ্ধি-সহ অন্যান্য দ্বিপাক্ষিক স্বার্থজনিত বিষয়ে যৌথ কমিশনের শেষ বৈঠকের পর অগ্রগতি উভয় পক্ষ স্বীকার করে।

যৌথ কমিশন লাইন অফ ক্রেডিটের আওতাধীন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করে এবং তাদের বাস্তবায়ণ ত্বরান্বিত করতে সম্মত হয়। তরাইয়ের রাস্তা, আন্তঃসীমান্ত রেল যোগাযোগ, ইন্টিগ্রেটেড চেক পোস্টের উন্নয়ন, আন্তঃসীমান্ত সঞ্চালন লাইন প্রকল্প, জলবিদ্যুৎ প্রকল্প, আন্তঃসীমান্ত তেল পাইপলাইন এবং উভয় পক্ষে কোনও কৃষি প্রকল্প বাস্তবায়ণ দ্রুত করা-সহ সমস্ত উন্নয়নশীল এবং অবকাঠামো প্রকল্পের অগ্রগতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করতে উভয় পক্ষ সম্মত হয়েছে।

ভূমিকম্প পরবর্তী পুনর্গঠন দ্রুততর করার জন্য ভারত নেপাল সরকারের সঙ্গে যৌথভাবে কাজ করছে এবং এক বিলিয়ন মার্কিন ডলারের প্যাকেজ দিয়ে সাহায্য করেছে।

বাণিজ্য, ট্রানজিট, অসামরিক বিমান চলাচল, জলসম্পদের মতো ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি করতে আলোচনার জন্য শীঘ্ৰই একটি দিন নির্ধারণের ব্যাপারে উভয়পক্ষ সহমত হয়েছে।

যৌথ কমিশনের পরবর্তী অধিবেশন পারস্পরিক সুবিধাজনক তারিখে নেপালে অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

অক্টোবর ২৭, ২০১৬